



তথ্যবিবরণী

নম্বর- ১৪৪

রাজশাহীতে গার্ল গাইডস এর মহাতাঁবু জলসা অনুষ্ঠিত

রাজশাহী; ৮ পৌষ (২৩ ডিসেম্বর):

আজ (২৩ ডিসেম্বর) বিকাল ৪টায় নগরীর বিলশিমলাস্থ গাইড হাউজ প্রাঙ্গণে রাজশাহী অঞ্চলের বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশন আয়োজিত ১১তম আঞ্চলিক গাইড ক্যাম্প-২০২৪ এর মহাতাঁবু জলসা অনুষ্ঠিত হয়। এ সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ।

প্রধান অতিথির বক্তৃতাকালে বিভাগীয় কমিশনার গার্ল গাইডদের প্রশিক্ষণের খোঁজ-খবর নেন। এসময় তিনি তাঁবুতে রাত যাপন না করাকে ফাঁকি দেওয়া বলে মন্তব্য করেন। প্রধান অতিথি গার্ল গাইডদের সাথে স্লোগান দেন- 'দক্ষ গাইড গড়বে দেশ, বৈষম্যহীন বাংলাদেশ।'

অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তৃতায় উপস্থিত গাইডদের উদ্দেশে রাজশাহী জেলা প্রশাসক আফিয়া আখতার বলেন, আত্মিক উন্নয়নে নীতি-নৈতিকতার চর্চাটা ধরে রেখে দেশের জন্য কাজ করবো এটাই আমাদের সকলের প্রতিজ্ঞা।

উল্লেখ্য, গত ২০ ডিসেম্বর থেকে শুরু হওয়া পাঁচ দিনব্যাপী এই ক্যাম্পিং এ অংশগ্রহণকারী গাইডসদের মোবাইল আসক্তির ভয়াবহতা ও প্রতিকার নিয়ে সেমিনার, তাঁবুজলসার প্রস্তুতি বাছাই, পেট্রোল ডিউটি, গ্যাজেট তৈরি ও পার্কে হাইকিং, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের সেশান এবং প্রাথমিক চিকিৎসাসহ বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়।

বিভাগের আটটি জেলার ৩ শত ৫০ জন গাইড ও ৮০ জন গাইডার এ ক্যাম্পে অংশগ্রহণ করে। আগামী কাল সকালে তাঁবু ছাড়বে গাইডসরা।

বাংলাদেশ গার্ল গাইডস অ্যাসোসিয়েশনের রাজশাহী আঞ্চলিক কমিশনার সিরাজুম মুনিরা এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষিকা, গাইড ক্যাম্পের কর্মকর্তা-কর্মচারীসহ ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন।

.....
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/রুহুল/হালিম/২০২৪/১৭:৩০ ঘ.